



এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ১১

৩০ ডিসেম্বর ২০২১
তারিখঃ -----
১৫ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে 'ক্রেডিট গ্যারান্টি স্কিম' এর আওতায় ঋণসীমা পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

২৭ জুলাই ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এবং Manual of Credit Guarantee Scheme-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই (CMSME) খাতের উদ্যোক্তাদের জন্য চলতি মূলধন বাবদ ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) খাতে সহায়ক জামানতবিহীন সম্ভাবনাময় উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর মাধ্যমে CMS খাতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। উক্ত নীতিমালার ১.৬নং ক্রমিকে আলোচ্য স্কিমের আওতায় গ্যারান্টির জন্য ঋণ/বিনিয়োগ সুবিধার পরিমাণ সর্বনিম্ন ২ (দুই) লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা হবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া পরিস্থিতি বিবেচনায় পরবর্তীতে ঋণ/বিনিয়োগ সীমা পুনর্নির্ধারণের বিষয়ে Manual of Credit Guarantee Scheme এর 5.1.2. অনুচ্ছেদে নির্দেশনা বর্ণিত রয়েছে।

৩। CMS খাতের প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তাগণ সহায়ক জামানতের অভাবে ব্যাংক হতে স্বল্প অংকের ঋণ/বিনিয়োগ সুবিধা পাচ্ছেন না মর্মে অভিযোগ রয়েছে। এছাড়া এ খাতের প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নের ক্ষেত্রে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় সর্বোচ্চ ঋণ/বিনিয়োগের সীমা বৃদ্ধিরও আবশ্যিকতা রয়েছে। এ প্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই (কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি) খাতে প্রণোদনা প্যাকেজের ২য় পর্যায়ের ৮২০,০০০ কোটি টাকার ঋণ/বিনিয়োগ বিতরণ শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় CMS খাতের জামানতবিহীন প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তা এবং অন্যান্য ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ক্রেডিট গ্যারান্টি সুবিধার আওতায় অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে উক্ত খাতে ঋণ/বিনিয়োগ প্রবাহ আরো বৃদ্ধির লক্ষ্যে স্কিমের ঋণ/বিনিয়োগের সীমা পুনর্নির্ধারণ করার আবশ্যিকতা দেখা দিয়েছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, সিএমএসএমই খাতে বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা দ্রুত বাস্তবায়নের মাধ্যমে দেশের অর্থনীতি পুনরুদ্ধার কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এর ১.৬নং ক্রমিকে বর্ণিত নির্দেশনায় সর্বনিম্ন ২ (দুই) লক্ষ টাকা এবং সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এর পরিবর্তে যথাক্রমে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) হাজার টাকায় এবং সর্বোচ্চ ১ (এক) কোটি টাকায় ঋণ/বিনিয়োগ সীমা পুনর্নির্ধারণ করা হলো।

৫। উল্লিখিত নির্দেশনা ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ এবং Manual of Credit Guarantee Scheme এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১